57

দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 12 JUN 1989
পৃষ্ঠা ... ৩ কলাম 2

# শিক্ষামন্ত্রীর সার্ক কর্মশালা উদ্বোধন

(স্টাফ রিপোর্টার)

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম কারিগরি ও প্রযুক্তিগতক্ষেত্রে অগ্রাধিকারের ভিত্তিতে সার্ক দেশসমূহের যৌথ সহযোগিতার উপর গুরুত্ব আরোপ করেছেন।

শিক্ষামন্ত্রী গতকাল স্বল্প ব্যয়ে বিজ্ঞান শিক্ষা উপকরণ শীর্ষক তিন দিনব্যাপী এক সার্ক কর্মশালার উদ্বোধনী ভাষণ দিচ্ছিলেন। বিজ্ঞান ও প্রযুক্তি বিভাগের সচিব জনাব আহমেদ ফরিদের সভাপতিত্বে অনুষ্ঠিত এই কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষা সচিব জনাব হেদায়েত আহমেদ। কর্মশালায় স্বাগতিক দেশ বাংলাদেশ, ভারত নেপাল ও ভুটান থেকে প্রায় ৪০ জন প্রতিনিধি উপস্থিত ছিলেন। শেরাটন আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে এই কর্মশালা অনুষ্ঠিত হয়।

শিক্ষামন্ত্রী স্বল্প ব্যয়ে বিজ্ঞান শিক্ষার উপকরণের উপর গুরুত্ব আরোপ করে বলেন, সস্তায় অথচ উন্নত ধরনের এসব উপকরণ উৎপাদনের জন্য সার্ক দেশসমূহগুলিকে এগিয়ে আসার প্রয়োজন রয়েছে।